**WINSOME HOLDINGS & INVESTMENTS LTD.**
CIN: L19129WB1976PLC030723
28/1, SHAKESPEARE SARANI,
11 & 12 GANGA JAMUNA
KOLKATA – 700 017
PHONE: 2287-2373/ 4603-4207
FAX: (91-33) 2287-1371
EMAIL – winsome@kredogroup.in
Website: www.winsomeholdings.co.in

Dated: 07.12.2020

To
The Secretary
The Calcutta Stock Exchange Limited
7, Lyons Range,
Kolkata- 700 001

**SCRIP CODE: 23117**

Sir,

**Sub: Advertisement –Completion of dispatch of the Notice of 43rd Annual General Meeting**

In terms of Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, we enclose herewith the copy of newspaper clippings of the advertisement published on 6th December, 2020 on the captioned matter, in the following newspapers:

1. Darpan of India (English)
2. Sukhabar (Bengali)

Thanking You,

Yours' truly

**For Winsome Holdings & Investments Limited**

Gkabra

Winsome Holdings & Investments Ltd. Calcutta

**Gopal Kumar Kabra**
**Director**
**DIN: 01328101**

Encl: As Above

# Entertainment

## Sanaya Irani, Mohit Sehgal share a kiss on his birthday, Karan Tacker says 'mummy pappa are watching'

**Mumbai, 5 December :** Actors Sanaya Irani planned a beautiful surprise for actor husband Mohit Sehgal on his birthday with some food and wine. Sanaya also shared a few pictures of them kissing during the celebrations. However, it was their friend Karan Tacker whose comment on the post took the cake.



Sanaya posted the image and wrote, "Back to back kisses and hubby @itsmohitsehgal was completely surprised. Had a faaaabbbb time with the fam jam @gallopsmumbai . Absolutely awesome food,wine and service . @dreamdesignsevents you guys did a fabulous job with the table set up . @karishmaanayyar thank you for being such a sweetheart." Karan commented on it saying, "Oye! Mummy pappa dekh rahe hain! (mummy papa are watching)."

Earlier, she had shared another picture of her kissing her husband and wished him a happy birthday. "Happy Birthday my love. @itsmohitsehgal," she wrote.

Mohit also shared the same image and captioned it as, "was totally surprised last night . Thank you so much guys for turning up and make my #2020 birthday way more fun then I thought it would be Thank you baby @sanayairani for making it so special which u always do . Last night u really surprised me .. can't tell you how happy I was . Love you Baby Had a great one @gallopsmumbai with some delicious food and good wine and absolutely looooved the table set up . It was really pretty."

Mohit also celebrated the birthday on sets of his show, Naagin where co-stars Sharad Malhotra and Surbhi Chandna brought a birthday cake for him.Sanaya and Mohit met on the sets of Miley Jab Hum Tum (2008) and fell in love. After a long courtship, they got married on January 25, 2016.

## Paresh Rawal blasts 'vulgar, double-meaning comedy films', says nobody will have to leave the room while watching Coolie No 1

**Mumbai, 5 December :** Actor Paresh Rawal, who will soon be seen in the Coolie No 1 remake with Varun Dhawan and Sara Ali Khan, has said that he hates 'vulgar and double meaning' comedy. He said that Coolie No 1 is a 'family entertainer'.

He said in an interview that Varun is 'not only a sincere actor' but a mischievous presence on set, and he was fun to work with. "If my co-star doesn't react, my comedy will fall flat; if the director doesn't direct me properly, I'll fail," he said, acknowledging the entire crew.

"These days, you can't tell when a nude scene might show up in a movie, or if there's going to be bad language," he said in Hindi, in an interview to Bollywood Hungama. "This is the first family entertainer that audiences can enjoy without worrying about all this. No one will have to leave the room out of embarrassment."

The actor continued, "To be able to make people laugh in a year like this is very important." Praising writer Farhad Samji, he said, "He writes economically, and his words are juicy, boisterous and textured.

"Ideally one should not sacrifice one's character for the sake of laughter," he said, talking about his approach to comedy, "I



believe in making things effortless. I simply hate vulgar and double-meaning type of comedy, and fortunately I've been able to stay away from those films."

In an earlier interview, Sara defended the original film's 'problematic' plot, in which Govinda's character cons Karisma Kapoor's character into falling for him. She told Mid-Day in an interview, "I'd urge people to watch the film with the honest intention with which it is told. There is a difference between what you say on Twitter, and what an entertaining comedy tries to say. If everybody [expects] everything to be politically correct, any scope of humour in our lives will be [lost]. Of course, you can't be demeaning. Govinda sir duping Karisma to make her believe that he is not a coolie, is funny. It's not about him cheating. Ultimately, he falls in love with her, and that's what most of us look forward to in life."

Directed by David Dhawan, the new Coolie No 1 also stars Jaaved Jaaferi, Rajpal Yadav, and Johnny Lever. The film is slated for a Christmas day release on Amazon Prime Video, after its theatrical release was cancelled due to the coronavirus pandemic.

Tender

**WINSOME HOLDINGS & INVESTMENTS LIMITED**
Regd. Off.- 28/1, Shakespeare Sarani, Kolkata – 700 017
Corporate Identification Number: L19129WB1976PLC030723
Tel: +91 33 2287-2373/4603-4207; Fax: +(91-33) 2287-1371
E-mail: winsome@kredogroup.in; Website: www.winsomeholdings.co.in

**NOTICE**

Notice is hereby given that the 43rd Annual General Meeting of the members of Winsome Holdings & Investments Ltd. will be held on Tuesday, 29th day of December, 2020 at the Registered Office of the Company at 28/1, Shakespeare Sarani, Ganga Jamuna Building, Kolkata - 700 017 at 11:00 A.M to transact the business as set forth in the Notice of the meeting dated 10th November, 2020.

As per Section 108 of the Companies Act, 2013, read with Rule 20 of The Companies (Management and Administration) Rules, 2014, as amended and Regulation 44 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the Company is pleased to provide its members the facility to cast their vote by electronic means (remote e-voting) on all resolutions set forth in the Notice.

The remote e-voting period commences at 9:00 A.M. on 26th December, 2020 and ends at 5:00 P.M. on 28th December, 2020. Remote e-voting shall not be allowed beyond said date and time.

A members voting rights shall be in proportion to their share of the paid up equity share capital of the Company as on 22nd December, 2020 (**Cut-off date**).

A Person whose name is recorded in the register of member of the Company or in the register of beneficial owner maintained by the depositories as on cut-off date only shall be entitled to avail the facility of remote e-voting as well as voting in AGM.

The person who have acquired shares and become members of the Company after dispatch of Notice of AGM and holding shares as on cut-off date i.e. 22.12.2020, may obtain user ID and password for remote e-voting by sending request at winsome@kredogroup.in. The facility for voting, either by polling or ballot paper shall also be made available at the AGM and members who have not cast their votes by remote e-voting shall be able to exercise their right to vote in AGM.

A member may participate in AGM even after exercising his right to vote through e-voting but shall not be allowed to vote again in AGM.

The Notice of the Annual General Meeting, along with the procedure for e-voting, is displayed on the Company's website www.winsomeholdings.co.in and on the website of the agency, www.evoting.nsdl.com.

For any queries / grievances related to e-voting, members may refer the Frequently Asked Questions ("FAQs") and e-voting manual available at www.evoting.nsdl.com or contact NSDL at the following toll free no.: 1800-222-990.

You may also contact to Mrs. Megha Kapoor, Company Secretary, Winsome Holdings & Investments Ltd., 28/1, Shakespeare Sarani, Ganga Jamuna Building, Kol-700 017, E-mail: winsome@kredogroup.in, Tel: +91 33 2287-2373.

**Book Closure:**

Notice in terms of Section 91 of the Companies Act, 2013 and Regulation 42 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, is hereby given that the Register of Members and the Share Transfer Books of the Company shall remain closed from Wednesday, 23rd December, 2020 to Tuesday, 29th December, 2020 (both days inclusive) for the purpose of 43rd Annual General Meeting of the Company to be held on Tuesday, 29th December, 2020.

**By order of the Board of Directors**
For **Winsome Holdings & Investments Limited**
**Sd/-**
**Place : Kolkata** **Megha Kapoor**
**Dated : 05.12.2020** **Company Secretary**



**Mank movie review: Gary Oldman and Amanda Seyfried in a still from David Fincher's new Netflix.**

## Madhurima Tuli on controversies around Bollywood: People are just trying to make

**Mumbai, 5 December :** Controversies and debates are all what engulfed Bollywood the past few months. While things seems to be slowly dying down, actor Madhurima Tuli says one must not pay heed to all that is being said about the Hindi film industry. "There was a lot of negativity around entrainment industry in the recent months. Since our industry is related to media a lot so it is out there in front of everyone and that is why it gets talked about," she shares. On how she coped with it all, Tuli says avoiding the news was a big plus.

## Sara Ali Khan defends 'problematic' plot of original Coolie No 1, says 'It's not about Govinda duping

**Mumbai, 5 December :** Actor Sara Ali Khan has urged audiences to watch the upcoming Coolie No 1 with an open mind. The film, a remake of the 1995 comedy starring Govinda and Karisma Kapoor, will feature Varun Dhawan in the lead ole.Sara was asked in an interview about the 'problematic' aspects of the original film, in which Govinda's character cons Karisma's character into falling for him. She said that if one views everything through a politically correct lens, 'any scope of humour in our lives will be lost'.She told Mid-Day in an interview, "I'd urge people to watch the film with the honest intention with which it is told. There is a difference between what you say on Twitter, and what an entertaining comedy tries to say. If everybody [expects] everything to be politically correct, any scope of humour in our lives will be [lost]. Of course, you can't be demeaning. Govinda sir duping Karisma to make her believe that he is not a



coolie, is funny. It's not about him cheating. Ultimately, he falls in love with her, and that's what most of us look forward to in life."

Sara also said that her skills as a comic performer shouldn't be compared to those of her parents -- Saif Ali Khan and Amrita Singh. "I am not as spontaneous as my dad or my mother. It's all about reacting to what the other person says. It's a difficult genre to crack. Varun helped me improve my comic timing. He is much more experienced in this genre," she said.In an earlier interview, she had even rejected any comparisons to Karisma, and had said that there is no point in trying to ape what Karisma did, but to put her own spin on it. Directed by David Dhawan, the new Coolie No 1 also stars Paresh Rawal, Jaaved Jaaferi, Rajpal Yadav, and Johnny Lever. The film is slated for a Christmas day release on Amazon Prime Video, after its theatrical release was cancelled due to the coronavirus pandemic.

# শহরের খবর



## সম্ভবত জানুয়ারি মাসেই শরণার্থীদের নাগরিকত্ব মিলবে : কৈলাস বিজয়বর্গীয়

**সুমন তালুকদার, বারাসাত :** শনিবার দুপুরে উত্তর ২৪ পরগনার বারাসাতের সত্যনারায়ণ পল্লিতে কামাক্ষ্যা মন্দির এলাকায় দলের কর্মীসভা শেষে বিজেপির কেন্দ্রীয় নেতা কৈলাস বিজয়বর্গীয় বলেন, 'সম্ভবত জানুয়ারি মাস থেকেই বাংলাদেশ থেকে আসা শরণার্থীরা নাগরিকত্ব পাবে। পশ্চিমবঙ্গে মমতা সরকার বিশেষ তোষণের সরকার। এই সরকার ৩০% সংখ্যালঘু মানুষের সুরক্ষার সরকার। বাকি ৭০% মানুষের কথা ভাবছে না। বিজেপি সরকার এলে আমরা সবার কথা ভাবব। সকলের জন্য কাজ করব। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের শাসনে অভিষেকের মাধ্যমে বাংলায় কয়লা মাফিয়া, গোরু পাচারকারী, সোনা মাফিয়াদের সংরক্ষণ হয়েছে। আম্ফানে তৃণমূলের দুর্নীতির জন্য তদন্তের নির্দেশ দিয়েছে হাই কোর্ট। তৃণমূলের দুর্নীতি তুলে ধরতে তৃণমূলের দুয়ারে দুয়ারে সরকারের পালটা কর্মসূচি হিসাবে আমাদের— আর নয় অন্যায় প্রকল্প ও ঘর ঘর সম্পর্ক কর্মসূচি চালু হল।' এদিন তিনি সাংবাদিকদের বলেন, 'বাংলাদেশ, পাক-ই-স্তান ও আফগান-ই-স্তানে ধর্মীয় নির্যাতনের শিকার হয়ে যাঁরা ভারতে চলে এসেছেন, তাঁদের নাগরিকত্ব দেওয়া হবে বলে মোদী সরকার যে প্রতিশ্রুতি দিয়েছে, তা পূরণ হবে। কিন্তু সোনার বাংলা গড়ার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রতিশ্রুতি দিলেও সোনার বাংলা গড়েননি। যে বাংলা গড়ে উঠেছে



সেখানে অনুপ্রবেশকারীরা ঢুকছে। এখানকার সংস্কৃতি নষ্ট করছে। এখানে মানুষ দুর্গাপুজো করতে পারে না। কিন্তু মহরম পালন করা খুবই সহজ। এই সরকার ওদের সুরক্ষা দিচ্ছে। এই সরকার মাদ্রাসার ইমামদের মুয়াজ্জিনদের ৫ হাজার টাকা করে ভাতা দিচ্ছে। আর বিজেপির চাপে পুরোহিতদের ভাতা দেওয়া শুরু করেছে। রাজ্যের মানুষ যে সোনার বাংলার স্বপ্ন দেখেছিল, সেই সোনার বাংলা গড়া হবে।' রাজ্যের প্রাক্তন মন্ত্রী শুভেন্দু অধিকারী প্রসঙ্গে তিনি জানান, 'শুভেন্দুর ব্যাপারটা তৃণমূলের অভ্যন্তরীণ বিষয়। কিন্তু যেভাবে শুভেন্দু মন্ত্রিত্ব ছেড়েছে, তাতে স্পষ্ট হয়ে গেছে, শুধু রাজ্যের মানুষই নয় তৃণমূলের ওপর অসন্তুষ্ট সিনিয়র মন্ত্রীরাও। কেননা ভাইপোকে দিয়ে মাফিয়াদের যেভাবে সুরক্ষা দেওয়া হচ্ছে, যেভাবে সিন্ডিকেট রাজ চলছে, তৃণমূলের সিনিয়র নেতাদের যেভাবে অপমান করা হচ্ছে, তাতে টিএমসি নেতারাই টিএমসির সরকারের ওপর ক্ষুব্ধ। শুভেন্দু নয় আরো অনেক তৃণমূল নেতা আগামী দিনে দল ছাড়বে। বিজেপি কর্মীদের ওপর হামলা, গুলি চালানো, বোম ছোড়া এখন খুব সাধারণ ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আমরা হিংসার রাজনীতি পছন্দ করি না। রাজ্যের জনগণের ওপর আমাদের পুরো আস্থা আছে।' তিনি আরো বলেন, 'সারা ভারতে যদি কোথাও কৃষকদের ওপর বঞ্চনা হয়, তা পশ্চিমবঙ্গ। এখানে কৃষকরা ন্যূনতম সহায়ক মূল্য (এমএসপি) দিয়ে পণ্য বিক্রি করতে পারেন না। এখানে সিন্ডিকেট রাজ চলছে। কৃষকরা তাদের পণ্য বিক্রি করতে গেলে সিন্ডিকেটের কাছে যেতে হচ্ছে। মোদী সরকার যে নতুন কৃষি আইন এনেছে তাতে কৃষকদের শোষণ বন্ধ হবে।' হায়দরাবাদ পুরসভা নির্বাচনে বিজেপির চমকপ্রদ সাফল্য নিয়ে তিনি জানান, 'হায়দরাবাদে আমাদের ভোট ১১ গুণ বেড়েছে। ভোট শেয়ারের ক্ষেত্রে বিজেপি সবচেয়ে বেশি লাভবান হয়েছে। হায়দরাবাদে আমরা মেয়র করতে পারব না। অন্যরাও মেয়র করতে পারছে না। টিআরএস আর মিম জোট বেঁধে মেয়র করবে। কিন্তু হায়দরাবাদের মানুষ বিজেপিকে ১০ গুণ বেশি ভালোবাসা দিয়েছ। এতে প্রমাণ হচ্ছে দক্ষিণ ভারতে বিজেপি ও মোদীর জনপ্রিয়তা বাড়ছে।' তবে এদিন তিনি শান্তনু ঠাকুর প্রসঙ্গে নীরব ছিলেন।

## বালিতে গঙ্গায় মৃত্যু মহিলার

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** শনিবার সকালে বালি ব্রিজের সামনে পঞ্চাননতলা ঘাটে স্নান করতে গিয়ে গঙ্গায় তলিয়ে গেলেন সুনেত্রা গঙ্গোপাধ্যায় (৪৪) নামে এক মহিলা। সন্ধে পর্যন্ত তাঁর খোঁজ মেলেনি। তিনি বালি ডিঙসাইপাড়ার বাসিন্দা। জানা গেছে, প্রতিদিনই ওই মহিলা গঙ্গায় স্নান করতে যেতেন। নিজে সাঁতার জানলেও ছেলেকে সঙ্গে নিয়ে যেতেন। এদিনও তিনি গঙ্গায় স্নান করতে যান। পরিবারের তরফে জানানো হয়েছে, সুনেত্রা গঙ্গোপাধ্যায়ের শরীর খারাপ ছিল। আগের দিন রাতে ঘুমের ওষুধ খেয়েছিলেন। তাই একটু আচ্ছন্নভাব ছিল। সকাল প্রায় সাড়ে ১০টা নাগাদ ছেলের সঙ্গে যেতে দেরি হওয়ায় তিনি আগেই গঙ্গায় চলে যান। পরে ছেলে গঙ্গা ঘাটে গেলে জানতে পারে তাঁর মা তলিয়ে গিয়েছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে আসে। এরপর রিভার ট্রাফিক পুলিশে খবর দেওয়া হয়। গঙ্গায় ডুবুরি নামিয়ে তল্লাশি চালানো হয়। এলাকার লোকও গঙ্গায় নেমে তল্লাশি চালান। তবে কোনো খোঁজ মেলেনি।

## কৃষকদের আন্দোলনে বিদেশি শক্তির মদত আছে : তথাগত

**জয়িতা বন্দ্যোপাধ্যায়, বারুইপুর :** শনিবার সকালে সোনারপুর (উত্তর) বিধানসভার মহামায়াতলা মহামায়া মায়ের মন্দিরে পুজো দিয়ে 'আর নয় অন্যায়' ও 'গৃহ সম্পর্ক' কর্মসূচির সূচনা করেন তথাগত রায়। তিনি এদিন জানান, 'বাংলায় মুখ্যমন্ত্রী পদপ্রার্থী নিয়ে বিজেপির মধ্যে কোনো অন্তর্দ্বন্দ্ব নেই।' এদিন ওই এলাকার সাধারণ মানুষদের বাড়িতে গিয়ে তিনি রাজ্য সরকারের নানা জনবিরোধী নীতি সম্পর্কে জানান। এমনকী রাজ্য সরকারের প্রকল্প তাঁরা যথাযথ পাচ্ছেন কিনা তা-ও জানতে চান। এদিন শুভেন্দু অধিকারী প্রসঙ্গে তিনি বলেন, 'বিজেপিতে এলে উনি স্বাগত। তবে আসবেন কিনা ওনার ব্যাপার।' কৃষি আইন নিয়ে আন্দোলন প্রসঙ্গে তিনি বলেন, 'এতে কিছু বিদেশি শক্তির মদত আছে। এটি প্রগতিশীল আইন।' তিনি আরো বলেন, 'বিজেপি দল ভাঙানোর রাজনীতি বিশ্বাস করে না। গ্রেটার হায়দরাবাদের পুরসভা নির্বাচন তার ইঙ্গিত দেয়। বিজেপি দক্ষিণ ভারতে শক্তিশালী হচ্ছে। অন্যদিকে, তৃণমূল অত্যন্ত নিম্নমানের সংখ্যালঘু সাম্প্রদায়িকতা করে। মিমের সঙ্গে বিজেপির কোনো সম্পর্ক নেই।' অন্যদিকে, এদিন বিকেলে গড়িয়া স্টেশন এলাকা থেকে কামালগাছি হয়ে সুভাষগ্রাম স্টেশন



পর্যন্ত বিজেপির কর্মীদের বাইক র‍্যালি করার কথা ছিল। কিন্তু ওই র‍্যালি কামালগাছি পর্যন্ত এলে বারুইপুর পুলিশ জেলার ডিএসপি সুপ্রভাত চক্রবর্তীর নেতৃত্বে নরেন্দ্রপুর থানার পুলিশ ও সোনারপুর থানার পুলিশ ব্যারিকেড করে তা আটকে দেয়। পুলিশদের সঙ্গে বিজেপি কর্মীদের ব্যাপক বচসা হয়। দু'পক্ষই ধ্বস্তাধ্বস্তিতে জড়িয়ে পড়ে। এই বাইক র‍্যালিতে ছিলেন বিজেপি জেলা সভাপতি হরিকৃষ্ণ দত্ত ও জেলা যুব মোর্চার সভাপতি রাজু মণ্ডল। হরিকৃষ্ণ দত্ত অভিযোগ করেন, তাঁদের অনেক কর্মী জখম হয়েছেন। একজন কর্মীকে গুরুতর আহত অবস্থায় নরেন্দ্রপুরের বেসরকারি নার্সিং হোমে নিয়ে যাওয়া হয়।

## হিন্দমোটরে মৃতদেহ ময়নাতদন্তের জন্য আদালতে

**অমিত চৌধুরী, হুগলি :** হিন্দমোটর ধর্মতলা এলাকার এক যুবতীর মৃত্যু নিয়ে সংশয় দেখা দেওয়ায় দেহ দাহ না করে ময়নাতদন্তের দাবি জানাল মৃতার পরিবার। রবিবার আদালতে গিয়ে ওই পরিবার ময়নাতদন্তের দাবি জানাবে। হিন্দমোটর ধর্মতলার বাসিন্দা মৌমিতা চক্রবর্তী (৩১) বেশ কিছুদিন ধরে অসুস্থ ছিলেন। তাঁকে কলকাতার এনআরএস হাসপাতালে ২ সপ্তাহ আগে ভরতি করা হয়। সেখানে অবস্থার পরিবর্তন না হওয়ায় প্রায় ৪দিন আগে স্বামী সঞ্জু চক্রবর্তী তাঁকে হাওড়ার এক বেসরকারি হাসপাতালে ভরতি করেন। শুক্রবার রাতে সেখানেই ওই যুবতী মারা যান। হাসপাতাল কর্তৃপক্ষ তাঁর মৃতদেহ পলিথিন বন্দি করে পরিবারের হাতে তুলে দেয়। বাড়িতে আসার পর মৃতার তলপেটে দুটো কাটা দাগ দেখে পরিবারের লোকের সন্দেহ হয়। পরিবারের সন্দেহ, তাদের না জানিয়ে হাসপাতাল কর্তৃপক্ষ মৃতার শরীরে অপারেশান করে কোনো অঙ্গ কেটে বাদ দিয়ে দিয়েছে। দেহ ময়নাতদন্ত হলে মৃত্যুর কারণ স্পষ্ট হবে বলে উত্তরপাড়া থানায় মৌমিতার পরিবার ও এলাকাবাসী অভিযোগ জানাতে যায়। পুলিশ জানায়, হাসপাতাল থেকে যেহেতু ডেথ সার্টিফিকেট দিয়ে দিয়েছে তাই এখন ময়নাতদন্ত করা পুলিশের কাজ নয়। আদালত নির্দেশ দিলে তবেই তা হতে পারে। তাই মৃতদেহ দাহ না করে পুরসভার মহামায়া হাসপাতালে রেখে দেওয়া হয়। আজ, রবিবার শ্রীরামপুর আদালতে দেহ ময়নাতদন্তের জন্য ওই পরিবার আবেদন জানাবে।

## স্বামীকে খুনের চেষ্টা, স্ত্রী গ্রেফতার

**নিজস্ব সংবাদদাতা, সোনারপুর :** শুক্রবার রাতে সোনারপুর থানার কালিকাপুরে স্বামীকে খুনের চেষ্টার অভিযোগে স্ত্রী মহারানি সাঁপুইকে গ্রেফতার করল পুলিশ। অভিযোগ, ঘুমন্ত অবস্থায় স্বামী বাবলুর গলায় দড়ির ফাঁস লাগিয়ে সে মারার চেষ্টা করে। বাবলুর চিৎকারে প্রতিবেশীরা এসে তাঁকে উদ্ধার করেন। স্বামীর অভিযোগ, এর আগেও কাস্তে দিয়ে কোপ মারা হয়েছিল। প্রায় ৩০ বছর আগে তাঁর বিয়ে হয়। পুলিশ জানায়, বাবলুর পাশাপাশি তাঁর প্রতিবেশীরাও ওই মহিলার বিরুদ্ধে অভিযোগ জানানোয় মহারানিকে গ্রেফতার করা হয়।

## ৬ প্রভাবশালীর নাম জানিয়ে মোদী ও মমতাকে চিঠি সুদীপ্ত সেনের

**উজ্জ্বল দত্ত, কলকাতা :** কলকাতার প্রেসিডেন্সি সংশোধনাগারের ভেতরে বসেই ৬ রাজনৈতিক প্রভাবশালীর নাম জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে সারদা মামলার প্রধান অভিযুক্ত সুদীপ্ত সেন চিঠি দিলেন। ওই চিঠিতে বিভিন্ন রাজনৈতিক দলের ৬ প্রভাবশালী নেতার নাম রয়েছে বলে সূত্রের খবর। চিঠিতে সুদীপ্ত সেন ওই ৬জনকে টাকা দেওয়ার কথা জানিয়েছেন। কয়েকদিন আগে সারদা চিটফান্ড কাণ্ডের তদন্তে সিবিআইয়ের হাতে এক অডিয়ো ক্লিপ এসেছিল। ওই অডিয়ো ক্লিপে একাধিক জনের কণ্ঠস্বর রয়েছে। এরপর সংশোধনাগারের ভেতরে বসেই সুদীপ্ত সেন চিঠি লেখেন। ফলে ভোটের আগে রাজ্য রাজনীতিতে ফের সারদাকাণ্ড নিয়ে চর্চা শুরু হল। প্রসঙ্গত, সারদা মামলায় গত ৭ বছর ধরে প্রধান অভিযুক্ত সুদীপ্ত সেন জেল খাটছেন। সুদীপ্তর অভিযোগ, তাঁর কাছ থেকে নানা সময়ে ওই ৬ জন টাকা নিয়েছেন। এই প্রথম তিনি জেল থেকে সুবিধাভোগীদের নাম দিয়ে চিঠি দিলেন। প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর দফতরে ওই চিঠি পাঠানোর ব্যবস্থা করেছে সংশোধনাগার কর্তৃপক্ষ। সম্প্রতি সারদা মামলায় সিবিআই এক অডিয়ো ক্লিপের কথা হাই কোর্টে জানায়। হাই কোর্টে সুদীপ্ত সেনের সঙ্গী দেবযানীর জামিন-আর্জির মামলায় সিবিআই জানিয়েছিল, তারা ওই অডিয়ো ক্লিপের ভিত্তিতে আলিপুর মহিলা জেলের কয়েদি ও সারদা মামলার অন্যতম অভিযুক্ত দেবযানী ও সুদীপ্ত সেনকে মুখোমুখি বসিয়ে জেরা করতে চায়। সিবিআইয়ের সেই আবেদন এরমধ্যেই মঞ্জুর হয়েছে। মামলার তদন্তে দীর্ঘসূত্রিতা নিয়ে বিচারপতি সঞ্জীব বন্দ্যোপাধ্যায় ও অনিরুদ্ধ রায়ের ডিভিশন বেঞ্চ প্রশ্ন তোলে। তখন সিবিআই দাবি করে, নিম্ন আদালতে সাক্ষী ও নথিপত্র নিয়ে সমস্যা রয়েছে। হাই কোর্ট চটপট তদন্ত শেষ করার নির্দেশ দেয়।



**ফাইল চিত্র**

## ইছাপুরে ২ ল্যাম্পপোস্টে আগুন, বিদ্যুৎ বিপর্যয়

**অলক ঘোষ, বারাকপুর :** শনিবার দুপুরে উত্তর ২৪ পরগনার ইছাপুর মানিকতলা বাস স্ট্যান্ডের লাগোয়া ঘোষপাড়া রোডের পাশে হাইটেনশন ইলেকট্রিক তারের ২টি ল্যাম্পপোস্টে আগুন লাগে। এর জেরে ইছাপুর পূর্ব মানিকতলা এলাকায় সাময়িক বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়। হাইটেনশন লাইনের তার জ্বলতে শুরু করে। বেশ কয়েকটি তার ছিঁড়ে পড়ে ঘোষপাড়া রোডের ওপর। ফলে ঘোষপাড়া রোডে যান চলাচল বন্ধ হয়ে যায়। সাময়িক যানজটের সৃষ্টি হয়। এলাকার বাসিন্দারা সিইএসসি কর্তৃপক্ষকে ও দমকল কর্মীদের খবর দেন। তাঁরা চটপট ঘটনাস্থলে পৌঁছোন। সিইএসসি ওই এলাকায় সাময়িক বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেয়। দমকল কর্মীরা প্রায় ১ ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনেন। কেউ হতাহত হননি। নোয়াপাড়া শহর তৃণমূল কংগ্রেস সভাপতি গোপাল মজুমদার বলেন, 'সিইএসসি ব গাফিলতিতে এই আগুন লাগল। ওরা এখানে তারের সংস্কার করে না। দীর্ঘদিন ল্যাম্পপোস্টগুলোর ঠিকমতো দেখা শোনা করে না। তাই এই দুর্ঘটনা ঘটেছে।' দমকল কর্মীরা বলেন, 'শর্ট সার্কিটের ফলে আগুন লেগে থাকতে পারে। ল্যাম্পপোস্টের তারে আগুন লেগে গিয়েছিল। সেখান থেকে রাস্তার পাশে ১টি ভ্যাটেও আগুন লেগে যায়। আমরা আগুন নিয়ন্ত্রণে এনেছি।' ইছাপুর পূর্ব মানিকতলা এলাকায় সাময়িক বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। ঘটনাস্থলে কাজ করছেন সিইএসসির কর্মীরা।

## শিবপুরে খুনের ঘটনায় গ্রেফতার আরো ২

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** শিবপুরের মহম্মদ আবদুল্লা খুনের মামলায় আরো ২জনকে পুলিশ গ্রেফতার করল। বিশেষ সূত্রে খবর পেয়ে শুক্রবার রাতে হাওড়া সিটি পুলিশের ১টি দল বিহারের পাটনার সিয়ান জেলা থেকে আসগর আলি ও ভুতো ওরফে রাজকে পাকড়াও করে। শনিবার ধৃতদের হাওড়া আদালতে তোলা হলে বিচারক ৬ দিনের জন্য পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দেন। এই খুনের ঘটনায় আরো কেউ জড়িত কিনা তা জানতে ধৃতদের জেরা করা হচ্ছে। পুলিশ জানিয়েছে, মহম্মদ আবদুল্লা হত্যা মামলায় সোমবার ৩ অভিযুক্ত আলি হোসেন ওরফে সাদ্দাম, মহম্মদ তৌসিফ ওরফে গেঁড়া ও মহম্মদ আজাদ ওরফে কাল্লু গ্রেফতার হয়। ধৃতদের নিজেদের হেফাজতে নিয়ে পুলিশ জিজ্ঞাসাবাদ শুরু করে। জেরায় পুলিশের কাছে তারা আসগর ও ভুটুর নাম জানায়। এরপর অভিযুক্তদের খোঁজ শুরু হয়। পুলিশ জানতে পারে, বিহারের পাটনার কাছে তারা গা ঢাকা দিয়েছে। খবর পেয়ে পুলিশ পাটনায় পৌঁছোয়। সেখান থেকেই তারা ধরা পড়ে। এই মামলায় এখনো পর্যন্ত মোট ৫জন গ্রেফতার হয়েছে। এরমধ্যেই পুলিশের হেফাজতে থাকা ৩জন জেরায় স্বীকার করেছে তারা সকলে মিলেই গুলি চালায়। পুলিশ সূত্রে আরো জানা গেছে, মহম্মদ আবদুল্লা অপরাধ জগতের সঙ্গে জড়িত ছিল। ধৃতরা আবদুল্লার বিপক্ষ গোষ্ঠীতে ছিল। ২০১২ সালের এক খুনের ঘটনার বদলা নিতেই এই খুন বলে প্রাথমিক তদন্তে জানা গেছে। উল্লেখ্য, ১৬ নভেম্বর রাত প্রায় ৯টা নাগাদ শিবপুরের রামকৃষ্ণপুর লেনের তালতলা এলাকায় প্রকাশ্যে মহম্মদ আবদুল্লাকে (২৫) গুলি চালিয়ে খুন করা হয়। মৃতের পরিবারের পক্ষ থেকে থানায় লিখিত অভিযোগ জানানো হয়। পুলিশ তদন্ত শুরু করে।

## বিজেপির অপপ্রচারে বাধা মেয়রের

**নিজস্ব সংবাদদাতা, বিধাননগর :** শনিবার বিধাননগর পুরনিগমের মেয়র কৃষ্ণা চক্রবর্তী নিজের ওয়ার্ডে সি জে ব্লকে 'দুয়ারে সরকার' কর্মসূচি শুরু করলে অভিযোগ, স্থানীয় একজন বেশ কিছু লোককে বোঝাতে শুরু করেন স্বাস্থ্যসাথীর কার্ডের যে ফর্ম বিলি হচ্ছে তা লটারির মাধ্যমে দেওয়া হবে। ফলে সবাই ওই সুযোগ পাবে না। এই কথা শুনে অনেকেই খেপে গিয়ে ওই ব্যক্তিকে ধরেন। পরে মেয়রকে জানানো হয়। এ ব্যাপারে কৃষ্ণা চক্রবর্তীর দাবি, 'লোককে ভুল বুঝিয়ে এক শ্রেণি নিজেদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার চেষ্টা করছে। এরা কারা তা সবাই ভালোভাবে বুঝতে পারছে। তাই তাঁরাই এর যোগ্য জবাব দিয়েছে। ভুল বোঝালে আইনত ব্যবস্থা নেওয়া হবে।'

## রায়দিঘির পৌঢ় খুনের কিনারা

**সামিম হোসেন, রায়দিঘি :** ১ ডিসেম্বর রায়দিঘির গিলাছাট বৈদ্যপাড়ায় কাসেদ আলি বৈদ্যর রক্তাক্ত দেহ উদ্ধার হয়। তার তদন্ত করতে জেলা পুলিশ বিশেষ তদন্তকারী দল গড়ে। শুক্রবার সন্ধেয় এই খুনে অন্যতম অভিযুক্ত নিহতের প্রতিবেশী সাহাবুদ্দিন শেখকে পুলিশ গ্রেফতার করে। টাকার লেনদেন নিয়ে গণ্ডগোলের জেরে এই খুন বলে পুলিশের কাছে স্বীকার করেছে সাহাবুদ্দিন। ধৃতকে শনিবার কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হলে বিচারক ৭ দিনের জন্য পুলিশের হেফাজতে থাকার নির্দেশ দেন। জেলার অতিরিক্ত পুলিশ সুপার সন্তোষ মণ্ডল বলেন, 'কাসেদ আলি বৈদ্য সুদের কারবার করতেন। সাহাবুদ্দিন ৫০ হাজার টাকা ধার চেয়েছিল। কিন্তু প্রৌঢ় দিতে রাজি হননি। তখন বাড়ি থেকে ডেকে নিয়ে এসে ভারী বস্তু দিয়ে থেঁতলে খুন করে দেহ লোপাটের চেষ্টা করেছিল।'


যূকো বैंক UCO BANK (A Govt. of India Undertaking)

সল্টলেক জোনাল অফিস
৩ এবং ৪, ডিডি ব্লক, প্রথম তল, সল্টলেক, সেক্টর-১, কলকাতা - ৭০০ ০৬৪
ফোন : ৪৪৫৫৯১৩৬, ৪৪৫৫৯১৫৯, ই-মেল : zo.saltlake@ucobank.co.in

সংশোধনী

বালি গোস্বামীপাড়া শাখা (১৭৮৯) থেকে শ্রী অশোক দত্তের ঋণগ্রহণের জন্য যে বৈদ্যুতিন নিলামের বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল সেখানে অনুমোদিত আধিকারিকের ই-মেল আইডি kanchr@ucobank.co.in এর পরিবর্তে goswam@ucobank.co.in পড়তে হবে এবং ঋণগ্রহণকারীর ঠিকানা ১৯/১, রাধানাথ ব্যানার্জী লেন, বালী, হাওড়া - ৭১১ ২০১-এর পরিবর্তে ফ্ল্যাট ২এ, দ্বিতীয় তল, "কনকালয়া অ্যাপার্টমেন্ট", ১১/৬, মোহনলাল বাহালওয়ালা রোড, পো ও থানা : বালি, হাওড়া - ৭১১ ২০১ পড়তে হবে। বাকি তথ্য একই থাকবে।

তারিখ : ০৬.১২.২০২০ অনুমোদিত আধিকারিক


## সোনারপুরে বিজ্ঞাপন দেখে প্রতারণার শিকার

**নিজস্ব সংবাদদাতা, সোনারপুর :** অনলাইন অ্যাপে নিজের বাইক বিক্রির বিজ্ঞাপন দিয়ে প্রতারণার শিকার হলেন সুভাষগ্রাম এলাকার বাসিন্দা কেশব দত্ত নামে এক যুবক। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বিজ্ঞাপন দেখে দুই যুবক কেশব দত্তের সঙ্গে ফোনে যোগাযোগ করে। শুক্রবার সন্ধ্যায় নরেন্দ্রপুর থানা এলাকার গড়িয়া স্টেশন রোডে তাঁকে আসতে বলা হয়। কেশব দত্ত নিজের বাইকটি নিয়ে গড়িয়া স্টেশন রোডে নির্দিষ্ট জায়গায় পৌঁছোয়। এরপর ওই দুই যুবক এসে বাইকটি পরীক্ষা করে দেখে। তারা ওই যুবককে জানায়, এটিএম থেকে ২০,০০০ টাকা তুলতে হবে। ও বাকি টাকা নরেন্দ্রপুর থানার বোড়াল এলাকার বাড়ি থেকে এনে দেওয়া হবে। এই বলে কেশব দত্তকে বাইকের পেছনে বসিয়ে নরেন্দ্রপুর থানার নানা এলাকা ঘুরে সোনারপুরের জয়েনপুর এলাকায় এসে তারা দাঁড়ায়। বাইকের ইঞ্জিনে গোলমাল আছে বলে কেশবকে নেমে তা দেখতে বলে। ওই যুবক নামতেই প্রতারকরা বাইক চালিয়ে চম্পট দেয়। শুক্রবার রাতেই সোনারপুর থানায় অভিযোগ দায়ের হয়েছে। পুলিশ তদন্ত চালাচ্ছে।



## মহেশতলায় বিজেপির কর্মসূচি

**বিমল বন্দ্যোপাধ্যায়, দক্ষিণ ২৪ পরগনা :** শনিবার অভিনেত্রী তথা দলেররাজ্য কমিটির সদস্যা দেবিকা মুখোপাধ্যায়ের নেতৃত্বে পদযাত্রার মাধ্যমে মহেশতলার নুঙ্গি থেকে বিজেপি 'আর নয় অন্যায়' কর্মসূচি শুরু হল। দেবিকা মুখোপাধ্যায় বলেন, '২০১১ সালের পর থেকে এ রাজ্যে তৃণমূলের অত্যাচার শুরু হয়েছে। গণতন্ত্রকে গলা টিপে মারা হয়েছে। শিক্ষা, স্বাস্থ্যর বেহাল দশা। নিত্য আনাজপাতির দাম লাগামছাড়া। আলুর দাম আকাশছোঁয়া। হিমঘরগুলিতে আলু মজুত রাখা হয়েছে। তা খুলে দেওয়ার ব্যাপারে রাজ্য সরকারের কোনো হেলদোল নেই। এই সরকার মানুষের কথা ভাবে না। আমাদের এই কর্মসূচি টানা চলবে।'

## পাণ্ডবেশ্বরে দুর্ঘটনায় আইনজীবীর মৃত্যু

**অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল :** শনিবার দুপুরে পাণ্ডবেশ্বরের ফুলবাগান মোড়ের লাগোয়া এলাকায় পথ দুর্ঘটনায় আইনজীবী কৃপাময় পাল(৫৭) মারা যান। কিছুক্ষণের জন্য পথ অবরোধ হয়। পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পাণ্ডবেশ্বর থানার ওসি সঞ্জীব দে জানান, কৃপাময় পাল মোটরবাইকে আসছিলেন। একটি ১২ চাকার ডাম্পার নিয়ন্ত্রণ হারিয়ে তাঁকে ধাক্কা মারলে ঘটনাস্থলেই মারা যান। মৃতদেহ ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠানো হচ্ছে। ঘাতক লরিটি আটক হয়েছে।

## গণধর্ষণ কাণ্ডে ধৃত ৪

**নিজস্ব সংবাদদাতা, বিধাননগর :** শুক্রবার রাতে নিউটাউনের রাম মন্দিরের কাছে নির্জন মাঠে নাবালিকাকে গণধর্ষণের অভিযোগে ৪জনকে ইকোপার্ক থানার পুলিশ গ্রেফতার করে। পুলিশ সূত্রে খবর, ৪জনের মধ্যে এক যুবক নাবালিকার পূর্ব পরিচিত ছিল। ওই যুবকই নাবালিকাকে বাড়ি থেকে ডেকে আনে। অভিযুক্তদের আজ, রবিবার বারাসাত আদালতে তোলা হবে।


উইনসম হোল্ডিংস অ্যান্ড ইনভেস্টমেন্টস লিমিটেড
রেজিস্টার্ড অফিস : ২৮/১, শেক্সপিয়র সরণী, কলকাতা-৭০০০১৭
CIN : L19129WB1976PLC030723
টেলি : ৯১ ৩৩ ২২৮৭-২৩৭৩ / ৪৬০৩-৪২০৭, ফ্যাক্স : (৯১-৩৩)২২৮৭১৩৭১
ই-মেল : winsome@kredogroup.in, ওয়েবসাইট : www.winsomeholdings.co.in

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো হচ্ছে যে, ১০ নভেম্বর, ২০২০ তারিখের বিজ্ঞপ্তিতে ঘোষিত ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য উইনসম হোল্ডিংস অ্যান্ড ইনভেস্টমেন্টস লিমিটেড-এর সদস্যদের ৪৩তম বার্ষিক সাধারণ সভা (এ জি এম), মঙ্গলবার ২৯ ডিসেম্বর, ২০২০ সকাল ১১ টায় কোম্পানীর রেজিস্টার্ড অফিস ২৮/১, শেক্সপিয়র সরণী, গঙ্গা যমুনা বিল্ডিং, কলকাতা-৭০০০১৭-এ অনুষ্ঠিত হবে।

কোম্পানীজ (ম্যানেজমেন্ট এন্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪-এর রুল ২০ (সংশোধিত) সহ কোম্পানীজ অ্যাক্ট২০১৩-এর সেকশান ১০৮ ও সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর ৪৪নং রেগুলেশন অনুযায়ী, এ জি এম-এর বিজ্ঞপ্তিতে ঘোষিত ব্যবসায়িক কার্যকলাপের উপর বৈদ্যুতিন ভোটিং পদ্ধতি (রিমোট ই-ভোটিং) দ্বারা সদস্যরা ভোটদান করতে পারবেন।

রিমোট ই-ভোটিং পদ্ধতির সূচনা হবে ২৬ ডিসেম্বর, ২০২০, সকাল ৯টা থেকে ও সমাপ্ত হবে ২৮ ডিসেম্বর, ২০২০, বিকাল ৫টায়। উল্লিখিত তারিখ ও সময়ের পর আর রিমোট ই-ভোটিং-এর অনুমতি থাকবে না।

নির্ধারিত তারিখ ২২ ডিসেম্বর, ২০২০-এর হিসাবে সদস্যদের আদায়দত্ত ইক্যুটি শেয়ার মূলধনের ওপর ভোটাধীকার নির্ভর করবে।

যে সদস্যের নাম রেজিস্টার অফ মেম্বারস বা আমানতকারী দ্বারা পরিচালিত রেজিস্টার অফ বেনিফিসিয়াল ওনার্স-এ নির্ধারিত তারিখ হিসাবে নথিভুক্ত আছে তাঁরা রিমোট ই-ভোটিং-এর সুবিধার সাথে সাথে এ জি এম-এ ভোটদানের অনুমতি পাবেন।

কোনো ব্যক্তি যিনি এজিএম-এর বিজ্ঞপ্তি প্রেরণের পর কোম্পানীর শেয়ার অর্জন করেছেন ও কোম্পানীর সদস্য হয়েছেন এবং নির্ধারিত তারিখ ২২ ডিসেম্বর, ২০২০ হিসাবে কোম্পানীর শেয়ারহোল্ডার তিনি winsome@kredogroup.in-এ ই-মেল পাঠিয়ে ই-ভোটিং-এর জন্য ইউজার আই ডি ও পাসওয়ার্ড কোম্পানীর কাছ থেকে সংগ্রহ করতে পারেন। ব্যলট পেপারের মাধ্যমে ভোটদানের সুবিধা এ জি এম-এ উপলব্ধ থাকবে ও যেসব সদস্য এ জি এম-এর আগেই রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে ভোটদান করেননি তাঁরা এ জি এম-এ ভোটদানের অনুমতি পাবেন।

যেসব সদস্য এ জি এম-এর আগেই রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে ভোটদান করেছেন তাঁরা এ জি এম-এ অংশগ্রহণ করতে পারবেন কিন্তু দ্বিতীয়বার ভোটদানের অনুমতি পাবেন না।

এ জি এম-এর বিজ্ঞপ্তি ও ই-ভোটিং-এর বিস্তারিত পদ্ধতি কোম্পানীর ওয়েবসাইট www.winsomeholdings.co.in ও এজেন্সির ওয়েবসাইট www.evoting.nsdl.com-এ উপলব্ধ।

ই-ভোটিং সংক্রান্ত কোনো রকম জিজ্ঞাসাবাদ বা অভিযোগের জন্য www.evoting.nsdl.com-এ উপলব্ধ ফ্রিকোয়েন্টলি আসকড কোয়েশ্চনস (এই এ কিউ) ও ই-ভোটিং ম্যানুয়াল অনুসরণ করতে পারেন অথবা যোগাযোগ করতে পারেন এন এস ডি এল-এর সাথে : টোল ফ্রি নং - ১৮০০ ২২২ ৯৯০।

এছাড়াও যোগাযোগ করতে পারেন মিসেস. মেঘা কাপুর, কোম্পানী সচিব, উইনসম হোল্ডিংস অ্যান্ড ইনভেস্টমেন্টস লিমিটেড, ২৮/১, শেক্সপিয়র সরণী, গঙ্গা যমুনা বিল্ডিং, কলকাতা-৭০০০১৭, টেলি : ০৩৩২২৮৭-২৩৭৩, ই-মেল : winsome@kredogroup.in।

বুক ক্লোজার :

কোম্পানীজ অ্যাক্ট, ২০১৩-এর সেকশন ৯১ ও সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর ৪২নং ধারা অনুযায়ী, কোম্পানীর রেজিস্টার অফ মেম্বারস ও শেয়ার ট্রান্সফার বুকস বুধবার ২৩ ডিসেম্বর, ২০২০ থেকে মঙ্গলবার ২৯ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত (দুটি দিনই অন্তর্ভুক্ত) মঙ্গলবার ২৯ ডিসেম্বর, ২০২০ তারিখের ৪৩তম এ জি এম-এর কারণে বন্ধ থাকবে।

বোর্ড অফ ডিরেক্টর-এর আদেশানুসারে
উইনসম হোল্ডিংস অ্যান্ড ইনভেস্টমেন্টস লিমিটেড-এর পক্ষে
স্থান : কলকাতা স্বাক্ষর- মেঘা কাপুর
তারিখ: ০৫.২০.২০২০ কোম্পানী সচিব


## দিদিমণির চেহারা আমড়া আঁঠির মতো : দিলীপ

**তুহিনশুভ্র আগুয়ান, কাঁথি :** শনিবার পূর্ব মেদিনীপুর জেলার রামনগরে দলীয় কর্মসূচিতে এসে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কটাক্ষ করে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বলেন,'মনে যদি শান্তি থাকে, ভগবানের ওপর বিশ্বাস রেখে মানুষের কাজ করলে যে কেউ তরতাজা থাকবেন। দেখুন মোদীজিকে, কেমন চকচকে চেহারা এখনো। আর দিদিমণি কেমন হয়েছেন? আমড়া আঁঠির মতো চেহারা হয়ে গেছে। কেন? কারণ সবসময় দুশ্চিন্তা।' এদিন বেশ কয়েকজন কৃষককে সংবর্ধনা দেওয়া হয়। শুক্রবার রাতে এগরাতে রাত কাটিয়ে শনিবার সকালে এগরার বালিঘাইতে চা পে চর্চায় অংশ নেন। এরপর এগরায় কয়েকদিন আগে আগুনে ভস্মীভূত হয়ে যাওয়া গৃহহীন পরিবারের সঙ্গে দেখা করেন। বিকেলে রামনগরের আরএসএ ময়দানে প্রকাশ্য সভায় তিনি বলেন, 'ভোটের আগে মোদীজি যখন এসেছিলেন, তখন দিদিমণি বলেছিলেন কোন হরিদাস পাল এসেছে। বলেছিলেন, কোমরে দড়ি বেঁধে জেলে ঢোকাবেন। আজ ৬ বছর পর দিদিমণি বলছেন আমাকে জেলে পাঠিয়ে দিন। জেল থেকে লালু প্রসাদের মতো জিতিয়ে দেব। রাজ্য সরকারের উন্নয়ন দেখতে হলে তৃণমূলের নেতাদের বাড়িতে যান। বাকি উন্নয়ন রাস্তায় দাঁড়িয়ে। মাঝে মধ্যে আমাদের গাড়িতে ঢিল মারে। এ রাজ্যে জেল এখন পরিষ্কার করে রাখা হচ্ছে। দিদিমণিও জেল দেখতে কটক গিয়েছিলেন। ইদানিং পশ্চিমবঙ্গের সব জেলও মেরামত হচ্ছে। কারণ মে মাসের পর ভাইদের জায়গা ওখানেই হবে। আর দিদিমণিও যাবেন। তৃণমূলের মিটিং জেলের মধ্যে হবে।' শুভেন্দুর গড়ে এদিনের জমায়েতে ছিলেন বিজেপি নেতা জয়প্রকাশ মজুমদার।

## পিসিকে কৃতকর্মের ফল ভুগতে হবে : অমিত মালব্য

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম না করে তাঁর বিরুদ্ধে ট্যুইটের মাধ্যমে কেন্দ্রীয় বিজেপির আইটি সেলের প্রধান ও রাজ্য বিজেপির সহপর্যবেক্ষক অমিত মালব্য ক্ষোভ উগড়ে দিলেন। অমিত মালব্য ট্যুইটে লেখেন, 'পিসির রাজত্বে তৃণমূল শাসনে রবীন্দ্রনাথ ঠাকুর ও শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মাটিকে রাজনৈতিক হত্যাকাণ্ড, দুর্নীতি, মহিলাদের ওপর অত্যাচার, সিন্ডিকেট ও কাটমানির স্বর্গরাজ্য করে তুলেছে। এই ব্যাপারটি জনসমক্ষে নিয়ে আসতে আজ থেকে বিজেপি রাজ্যজুড়ে আর নয় অন্যায় কর্মসূচি পালন করতে চলেছে। এর মাধ্যমে আমরা পিসির বিরুদ্ধে ওঠা সব অভিযোগ জনসমক্ষে এনে সাধারণের কাছে বিচার চাইব।' অন্যদিকে, শনিবার বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ফোনে জানান, 'শুভেন্দু অধিকারীকে আরো বেশিদিন তৃণমূলে থাকতে হলে ওনাকে চাকর হয়েই থাকতে হবে। বিজেপিতে অনেকে এসেছেন। আমাদের দলে এসে পদও পেয়েছেন। বিধায়ক ও সাংসদও হয়েছেন। তাই বলছি, ওখানে থাকলে আপনাকে চাকর হয়েই থাকতে হবে। শুভেন্দু অধিকারী বিজেপিতে যোগ দিলে মেদিনীপুর থেকেই প্রতিনিধিত্ব করতে পারবেন। আর এই পূর্ব মেদিনীপুর থেকেই বাংলায় পরিবর্তনের সূত্রপাত হবে।' একইসঙ্গে তিনি তৃণমূল নেতা ও সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়েরক নাম না করে জানান, 'কোলে চড়া নেতারা বাংলায় ছড়ি ঘোরাবে, তা রাজ্যবাসী কোনো দিন মেনে নেবে না।' দিলীপ ঘোষের এই মন্তব্যের বিরুদ্ধে এদিন তৃণমূল শিবিরের কোনো নেতা কোনো প্রতিক্রিয়া জানাননি। শুভেন্দু অধিকারীর অনুগামীদের শিবিরও চুপচাপ থাকে বলে খবর। পাশাপাশি বিজেপির রাজ্য নেতৃত্ব আসন্ন বিধানসভা ভোট প্রসঙ্গে নির্বাচন কমিশনে আবেদন জানিয়ে বলে, শুধুমাত্র কেন্দ্রীয় সরকারি কর্মীদের দিয়েই এই ভোট পরিচালন করা হোক। বিজেপির রাজ্যসভার সাংসদ স্বপন দাশগুপ্ত এ প্রসঙ্গে বলেন, 'এর আগে আমরা দেখেছি, মুখ্যমন্ত্রী রাজ্য সরকাবের কর্মীদের সঙ্গে বৈঠক করেছেন। সেখানে এক রাজ্য কর্মচারী মুখ্যমন্ত্রীকে বলেছেন, তৃণমূলের জয় নিশ্চিত করতে তাঁরা কীভাবে কাজ করবেন, তার যেন গাইড লাইন দেওয়া হয়। এরপর আমরা আর রাজ্য সরকারি কর্মীদের বিশ্বাস করি না। তাই কেন্দ্রীয় সরকারি কর্মীদের দিয়ে ভোট পরিচালনা করতে নির্বাচন কমিশনের কাছে আবেদন করেছি।'


**BONGAON MUNICIPALITY**

The following Tender is invited by the chairperson, Board of Administrators, Bongaon Municipality, through the website(https://etender.wb.nic.in) Tender Notice :- NIeB-WBMAD/BM/22/2020-21 (2nd Call) dated.04/12/2020. Rate Quotation is invited for House service connection to the different House bolds of different ward within Bongon Municipality. Tender id 2020_MAD_307587_1.........307587_22. Last date of submission of bid of the above tenders 28/12/2020 up to 17:00 hrs.

Sd/- Chairperson
Board of Administrator
Bongaon Municipality